উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## ০৫ নং দুলাই মডেল ইউনিয়ন পরিষদ কার্যালয়

পোঃ দুলাই, উপজেলাঃ সুজানগর, পাবনা।

ফোনঃ ০১৭২৪১৩৮০৭২.০১৩১৭৪৮৮৭৬০. **Email:**dulaiup2021@gmail.com


স্মারক ঃ ৪৬.৪৩.৭৬৮৩.১৯.১৩.০০১.২০২৩- তারিখ ঃ ১৪/০২/২০২৩ খ্রিস্টাব্দ

## দুলাই মডেল ইউনিয়ন পরিষদের নভেম্বর/২০২২ মাসের সাধারণ সভার কার্য বিবরণী :

সভাপতি : জনাব মোঃ সিরাজুল ইসলাম শাহ্জাহান,
চেয়ারম্যান,
০৫ নং দুলাই মডেল ইউপি,
সুজানগর,পাবনা।

তারিখ ঃ ১৪/০২/২০২৩ ইং সময় : সকাল ১১.০০ঘটিকা সভার স্থান ঃ ইউপি কমপ্লেক্স ভবন মিলনায়তন।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ উপস্থিত সদস্যবৃন্দ তালিকা (পরিশিষ্ট ক )

সভার আলোচ্যসুচি নিম্নরুপঃ-

১। কাবিটা প্রকল্প গ্রহন প্রসঙ্গে।
২। কাবিখা প্রকল্প গ্রহন প্রসঙ্গে।
৩। টিআর প্রকল্প গ্রহন প্রসঙ্গে।
৪। গ্রাম আদালত পরিচালনা প্রসঙ্গে।
৫। ২০২২-২০২৩ অর্থবছরে ইউনিয়ন উন্নয়ন সহায়তা বরাদ্দের প্রকল্প গ্রহন প্রসঙ্গো।
৬। ২০২২-২০২৩ অর্থ বছরে ট্যাক্স আদায় আদায়কারী নিয়োগ প্রসঙ্গো।
৭। ০-৩৬৫ দিন বয়সের শিশু নিবন্ধন বৃদ্ধি করন প্রসঙ্গো।
৮। বিবিধ

আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ ঃ

| ক্র: | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত সংস্থা/ ব্যক্তি |
|---|---|---|---|
| ০১ | ***বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন :***<br>সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। এরপর তিনি বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শোনান । এতে কিছু সংশোধন থাকায় তাহা সর্ব সম্মত ভাবে গৃহিত হয়নি। এরপর সভাপতি মহোদয় সকলকে আলোচ্য বিষয় সমূহ সম্পর্কে আলোচনায় অংশ নেওয়ার জন্য অনুরোধ জানান। | উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়নি। | জনাব মোঃ সিরাজুল ইসলাম শাহ্জাহান, চেয়ারম্যান, ০৫ নং দুলাই মডেল ইউপি,সুজানগর,পাবনা। |
| ০২ | কাবিটা প্রকল্প গ্রহন প্রসঙ্গে।<br>সভায় সভাপতি সাহেব জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিটা) নগদ সাধারন ২য় পর্যায় কর্মসুচীর আওতায় উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা শাখা হতে একখানা পত্র পাওয়া গিয়েছে যাহার সুত্র নং-৫১.০১.৭৬৮৩.০২২.০৪১.০৯৭.২২/৫৬ তাং ০৬-০২-২০২৩ইং। পত্রে দুলাই ইউনিয়নের অনুকুলে ২য় পর্যায় মোট বরাদ্দ ৩,৯৯,৭০৭/-( তিন লক্ষ নিরানব্বই হাজার সাতশত সাত) টাকা। । উক্ত বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহন করার জন্য সকল সদস্যদের আলোচনা করতে বলেন। সকল আলোচনা ও পর্যালোচনা করে নিম্ন লিখিত প্রকল্পগুলি গ্রহন করা হইল। | উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়। | জনাব মোঃ সিরাজুল ইসলাম শাহ্জাহান, চেয়ারম্যান, ০৫ নং দুলাই মডেল ইউপি,সুজানগর,পাবনা। |

<table>
<tr>
<td></td>
<td>
<table>
<tr><td>ক্রঃ নং</td><td>প্রকল্পের নাম</td><td>বরাদ্দ</td><td>মন্তব্য</td></tr>
<tr><td>০১</td><td>চিনাখড়া সাতবারিয়া পাকা রাস্তা চেয়ারম্যান বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবি করন।</td><td>২০০০০০</td><td></td></tr>
<tr><td>০২</td><td>দুলাই মান্নানকারীগড়ের বাড়ী হতে মকুল মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা নির্মান।</td><td>১০০০০০/-</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>চরদুলাই পাকা রাস্তা হতে বাচ্চু সেখের বাড়ী পর্যন্ত রাস্তা নির্মান।</td><td>৯৯৭০৭/-</td><td></td></tr>
</table>
প্রকল্পগুলো বাস্তবায়ন করার লক্ষে সকল সদস্যদের বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। প্রকল্পগুলো অনুমোদনের জন্য দ্রুত উর্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরনের জন্য সভাপতি সাহেব কে অনুরোধ জানান ।
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>০৩</td>
<td>
কাবিখা প্রকল্প গ্রহন প্রসঙ্গে ।<br>
সভায় সভাপতি সাহেব জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-চাল/গম-খাদ্যশস্য) ২য় পর্যায় কর্মসুচীর আওতায় উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা শাখা হতে একখানা পত্র পাওয়া গিয়েছে যাহার সুত্র নং-৫১.০১.৭৬৮৩.০২২.০৪১.০৯৭.২২/৫৭ তাং ০৬-০২-২০২৩ইং। পত্রে দুলাই ইউনিয়নের অনুকূলে মোট চাউল-২.৭৩৪ মেঃটন ও গম ৫.২৬৮ মেঃটন/- পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহন করার জন্য সকল সদস্যদের আলোচনা করতে বলেন। সকল আলোচনা ও পর্যালোচনা করে নিম্ন লিখিত প্রকল্পগুলি গ্রহন করা হইল।
<table>
<tr><td>ক্রঃ নং</td><td>প্রকল্পের নাম</td><td>বরাদ্দ-চাল/গম</td><td>মন্তব্য</td></tr>
<tr><td>০১</td><td>চরজোড়পুকুরিয়া খালেকের বাড়ী হতে মুন্তাজের বাড়ী পর্যন্ত রাস্তা নির্মান।</td><td>৫.২৬৮ মেঃটন গম</td><td></td></tr>
<tr><td>০২</td><td>রাইশিমুল পাকা রাস্তা হতে আনারুলের দোকান পর্যন্ত রাস্তা নির্মান।</td><td>২.৭৩৪ মেঃ টন চাল</td><td></td></tr>
</table>
প্রকল্পগুলো বাস্তবায়ন করার লক্ষে সকল সদস্যদের বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। প্রকল্পগুলো অনুমোদনের জন্য দ্রুত উর্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরনের জন্য সভাপতি সাহেব কে অনুরোধ জানান ।
</td>
<td>উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়নি ।</td>
<td>জনাব মোঃ সিরাজুল ইসলাম শাহ্জাহান, চেয়ারম্যান, ০৫ নং দুলাই মডেল ইউপি,সুজানগর, পাবনা ।</td>
</tr>
<tr>
<td>০৪</td>
<td>
টিআর প্রকল্প গ্রহন প্রসঙ্গে ।<br>
সভায় সভাপতি সাহেব জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষন (টিআর) ২য় পর্যায় কর্মসুচীর আওতায় উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা শাখা হতে একখানা পত্র পাওয়া গিয়েছে যাহার সুত্র নং-৫১.০১.৭৬৮৩.০২২.০৪১.০১০০.২৩/৫৮ তাং ০৬-০২-২০২৩ইং। উক্ত বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহন করার জন্য সকল সদস্যদের আলোচনা করতে বলেন। সকল আলোচনা ও পর্যালোচনা করে নিম্ন লিখিত প্রকল্পগুলি গ্রহন করা হইল।
<table>
<tr><td>ক্র নং</td><td>প্রকল্পের নাম</td><td>বরাদ্দ</td><td>মন্তব্য</td></tr>
<tr><td>০১</td><td>দুলাই বদনপুর হাফিজিয়া মাদ্রাসা ও এতিমখানার উন্নয়ন।</td><td>৫০,০০০/-</td><td></td></tr>
<tr><td>০২</td><td>চিনাখড়া হাফিজিয়া মাদ্রাসা উন্নয়ন।</td><td>৫০,০০০/-</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>চিনাখড়া জামে মসজিদ উন্নয়ন।</td><td>৫২,৯৪২/-</td><td></td></tr>
</table>
প্রকল্পগুলো বাস্তবায়ন করার লক্ষে সকল সদস্যদের বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। প্রকল্পগুলো অনুমোদনের জন্য দ্রুত উর্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরনের জন্য সভাপতি সাহেব কে অনুরোধ জানান ।
</td>
<td>উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়নি ।</td>
<td>জনাব মোঃ সিরাজুল ইসলাম শাহ্জাহান, চেয়ারম্যান, ০৫ নং দুলাই মডেল ইউপি,সুজানগর, পাবনা ।</td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td>
গ্রাম আদালত পরিচালনা প্রসঙ্গো।<br>
সভাপতি মহোদয় সভায় জানান যে, ইউনিয়ন পরিষদের অর্ন্তগত যে সকল মামলার আর্থিকমুল্য ৭৫০০০/- টাকার সমমুল্যের সকল মামলা গ্রাম আদালতের এখতিয়ার। তাই পরিষদে যেন প্রতি সপ্তাহে নিয়মিত গ্রাম আদালত পরিচালনা করতে পারি যে জন্য আপনাদের সকলে সাহায্য দরকার।গ্রাম আদালত পরিচালনার সময় সকল ইউপি সদস্যদের আদালতে উপস্থিত থাকতে হবে,সেই সাথে গ্রাম আদালত আইন বই সকল সদস্যদের পড়ার প্রতি জোড় দাবি জানান। তাই কোন ওয়ার্ডের ছোট খাটো সমস্যা হলে থানায় না পাঠিয়ে গ্রাম আদালতে পাঠানোর দাগিত দিতে হবে তাহলে জনগন সহজ শর্তে অল্প খরচে সঠিক বিচার পাবে।<br>
গ্রামআদালত বিষয় এলাকাবাসিকে সচেতন করার জন্য ইউপি সদস্য ও গ্রামপুলিশকে নির্দেশনা দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয় ।
</td>
<td>উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয় ।</td>
<td>জনাব মোঃ সিরাজুল ইসলাম শাহ্জাহান, চেয়ারম্যান, ০৫ নং দুলাই মডেল ইউপি,সুজানগর, পাবনা ।</td>
</tr>
</table>

<table>
<tr><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>০৬</td><td>২০২২-২০২৩ অর্থবছরে ইউনিয়ন উন্নয়ন সহায়তা বরাদ্দের প্রকল্প গ্রহন প্রসঙ্গো।<br>সভায় সভাপতি সাহেব জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছর এর ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল বরাদ্দের অনুকুলে দুলাই ইউনিয়ন ১ম কিস্তি বাবদ মোট ৪,৯০,৫০০/- পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দের আলোকে উন্নয়নমুলক কাজ করতে হবে। উক্ত বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহন করার জন্য সকল সদস্যদের আলোচনা করতে বলেন। সকল আলোচনা ও পর্যালোচনা করে নিম্ন লিখিত প্রকল্পগুলি গ্রহন করা হইল।<br>অনুমোদিত প্রকল্পের নাম
<table>
<tr><th>ক্র নং</th><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>দুলাই বিশ্বরোড হতে মজিবরের বাড়ী অভিমুখে রাস্তা এইচবিবি করন।</td><td>২৩০৫০০/-</td><td></td></tr>
<tr><td>০২</td><td>জোড়পুকুরিয়া গুড্ডমাষ্টার এর বাড়ী হতে মসজিদ অভিমুখে রাস্তা এইচবিবি করন।</td><td>৬০০০০/-</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>পাইকপাড়া পাকা রাস্তা হতে আবুল সরদারের বাড়ী অভিমুখে রাস্তা এইচবিবি করন।</td><td>১০০০০০/-</td><td></td></tr>
<tr><td>০৪</td><td>জোড়পুকুরিয়া পাকা রাস্তা হতে শাজাহানের বাড়ী অভিমুখে রাস্তা এইচবিবি করন।</td><td>১০০০০০/</td><td></td></tr>
</table></td><td>উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়।</td><td>জনাব মোঃ সিরাজুল ইসলাম শাহ্জাহান, চেয়ারম্যান, ০৫ নং দুলাই মডেল ইউপি, সুজানগর, পাবনা।</td></tr>
<tr><td>০৭</td><td>২০২২-২০২৩ অর্থ বছরে ট্যাক্স আদায় আদায়কারী নিয়োগ প্রসঙ্গো।<br>সভায় সভাপতি সাহেব জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছর এর ইউপি ট্যাক্স আদায় করতে হবে। গত বছর আমরা এনজিও এর মাধ্যমে ইউপি ট্যাক্স আদায় করেছিলাম। এবার সকল সদস্যদের অনুরোধে ইউনিয়নের নিজস্ব জনবল নিয়োগ করে ট্যাক্স আদায় করতে চায়। সেই লক্ষে প্রতিটি ওয়ার্ড হতে একজন আদায়কারী নিয়োগ করা হবে। আদায়কারীর শিক্ষাগত যোগ্যতা হবে এসএসসি/ এইচএসসি পাশ। আগামী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে সকল নিয়োগ সম্পন্ন করার সিদ্ধান্ত হয়। ০৩ নং ওয়ার্ড হতে দুইজন আদায়কারী নিয়োগ করতে হবে।মোট ১০(দশ) জন আদায়কারী নিয়োগ দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td></td><td></td></tr>
<tr><td>০৮</td><td>০-৩৬৫ দিন বয়সের শিশু নিবন্ধন বৃদ্ধি করন প্রসঙ্গো।<br>সভায় সভাপতি সাহেব জানান যে, মাননীয় প্রধান মন্ত্রীর অঙ্গিকার বাস্তবায়নের জন্য ২০২৪ সালের মধ্যে জন্ম-মৃত্যু নিবন্ধন শতভাগ করতে হবে। সেই লক্ষে দুলাই মডেল ইউনিয়ন পরিষদের প্রতি মাসের জন্ম গ্রহন কারী সকল শিশুর জন্ম নিবন্ধন ও মৃত্য নিবন্ধন নিশ্চিত করার লক্ষে সকল গ্রাম পুলিশকে নির্দেশ প্রদান করেন এবং সকল ইউপি সদস্যদের সঠিক নির্দেশনা প্রদান করেন।<br>সকল সদ্য জন্ম গ্রহনকৃত শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিত করার সিদ্ধান্ত গ্রহন করা হলো।</td><td></td><td></td></tr>
</table>

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন। এবং উক্ত সভার কার্য বিবরণীর কপি সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণের জন্য সচিব সাহেবকে অনুরোধ জানান।

১৪-০২-২০২৩

(মোঃ সিরাজুল ইসলাম শাহজাহান)
সভাপতি
ইউপি মাসিক সভা
০৫নং দুলাই মডেল ইউনিয়ন পরিষদ
সুজানগর ,পাবনা।

জনাব .....................................
ইউপি সদস্য, ....... নং ওয়ার্ড (সকল)